বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিমিটেড (বাপেক্স)
পরিকল্পনা বিভাগ
পরিকল্পনা উপবিভাগ

বিষয়ঃ ২৯-১০-২০১৯ তারিখে অনুষ্ঠিত ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক (অক্টোবর,২০১৯) লক্ষ্যমাত্রা অর্জন পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (Annual Performance Agreement-APA) কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে কমিটির টীম লিডার ও পরিচালক অপারেশন মহোদয়ের সভাপতিত্বে গত ২৯/১০/২০১৯ তারিখে বাপেক্স বোর্ডরুমে ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)-র অগ্রগতি পর্যালোচনা শীর্ষক সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষরযুক্ত নামের তালিকা সংযোজনী 'ক'-এ দেয়া হল।

আলোচনা:

০২। সভাপতি মহোদয় সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি এপিএ-র ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে আলোচনা শুরু করার আহবান জানালে এপিএ-র ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার আলোচ্যসূচী সম্পর্কে সভাকে অবহিত করেন। সভায় বাপেক্স -এর ২০১৯-২০ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মাসিক (অক্টোবর, ২০১৯) লক্ষ্যমাত্রা অর্জন নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাকালে চুক্তিপত্রের লক্ষ্যমাত্রা অনুযায়ী কৌশলগত উদ্দেশ্যের অনুসন্ধান ও উন্নয়ন কূপ খনন, ওয়ার্কওভার কার্যক্রম সম্পাদন, গ্যাস উৎপাদন, পেট্রোলিয়াম প্রোডাক্টস এর উৎপাদন, ভূতাত্ত্বিক জরিপ, ২ডি সাইসমিক জরিপ, ৩ডি সাইসমিক জরিপ, প্রশিক্ষণ আয়োজনসহ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সকল বিষয়ে আলোচনা হয়।

০৩। ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিপত্রের কৌশলগত ও আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে সমূহের আলোচনা ও গৃহিত সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

| ক্রঃ নং | কার্যক্রম ও লক্ষ্যমাত্রা | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১। | ভূতাত্ত্বিক জরিপ লক্ষ্যমাত্রা: ৯০ লা. কি. মি. | সীতাপাহাড় এলাকায় মোট- ৯০ লাইন কি: মি: ভূতাত্ত্বিক জরিপ সম্পন্ন করা হবে। ভূতাত্ত্বিক জরিপ সম্পন্ন করার লক্ষ্যে প্রস্তুতিমূলক কার্যক্রম চলছে এবং ১৫ নভেম্বর'১৯ এর মধ্যে প্রস্তুতিমূলক কার্যক্রম শেষ হবে বলে আশা করা যায়। | নির্ধারিত সময়ে মাঠ পর্যায়ের কাজ আরম্ভ নিশ্চিত করতে হবে। | মহাব্যবস্থাপক ভূতাত্ত্বিক বিভাগ |
| ২। | দ্বিমাত্রিক জরিপ লক্ষ্যমাত্রা: ৫০০ লা. কি. মি. (ব্লক-১০: নোয়াখালী ও লক্ষীপুর সদর) | প্রকল্প পরিচালক বিদেশে থাকায় ৩ডি সাইসমিক প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মেহেবুল হাসান সভাকে অবহিত করেন যে, ১০ নং ব্লকে মোট-৫০০ লাইন কি: মি: দ্বিমাত্রিক জরিপ সম্পন্ন করা হবে। রূপকল্প-৯ এর অন্তর্গত ৫০০ লাইন কি: মি: ২ডি জরিপ সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্পের আরডিপিপি পেট্রোবাংলায় প্রেরণ করা হয়েছে। আরডিপিপি অনুমোদিত হলে কাজ শুরু করা সম্ভব হবে।<br>তিনি আরও জানান যে, নূনযতম সময়ে আরডিপিপি অনুমোদিত হলে উপাত্ত সংগ্রহের কাজ চলমান ৩ডি প্রকল্পের উদ্বৃত্ত এক্সপ্লোসিভ দিয়ে সম্পাদন করা যাবে তবে ডাটা ইন্টারপ্রিটেশনের জন্য প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করার প্রয়োজন হতে পারে। | পেট্রোবাংলা ও মন্ত্রনালয় এর সাথে যোগাযোগের মাধ্যমে দ্রুত আরডিপিপি অনুমোদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক রূপকল্প -৯ |

চলমান পাতা-২

| ক্রঃ নং | কার্যক্রম ও লক্ষ্যমাত্রা | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩। | ত্রিমাত্রিক জরিপ লক্ষ্যমাত্রা: ২০০ বর্গ কি: মি: | প্রকল্পের আওতায় ২০১৯-২০ অর্থবছরে গত ০১-০৭-১৯ তারিখে উপাত্ত সংগ্রহের কাজ আরম্ভ হয়ে ২৯-১০-১৯ তারিখ পর্যন্ত মোট ১৯০ বর্গ কি: মি: উপাত্ত সংগৃহীত হয়েছে।<br>তিনি আরও জানান যে, নির্ধারিত সময়ে উপাত্ত সংগ্রহের কাজ শেষ হবে এবং অব্যবহৃত সকল মালামাল চট্টগ্রাম ও পোমড়া ম্যাগাজিনে স্থানান্তর করা হবে। | নির্ধারিত সময়ে লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম সম্পন্ন করতে হবে। | প্রকল্প পরিচালক ৩ডি সাইসমিক প্রকল্প |
| ৪। | অনুসন্ধান কূপ খনন লক্ষ্যমাত্রা: ১ টি (শ্রীকাইল ইষ্ট-১) | প্রকল্প পরিচালক জানান যে, শ্রীকাইল ইষ্ট-১ কূপের খনন কার্যক্রম ২৮ অক্টোবর' ১৯ তারিখে শুরু হয়ে মোট ২৪২ মি: খনন সম্পন্ন হয়েছে এবং খনন কার্যক্রম চলমান রয়েছে। নির্ধারিত সময়ে সকল কার্যক্রম সম্পন্ন হবে বলে আশা করা যায়। | খনন সংক্রান্ত সকল কার্যক্রম অত্যন্ত দক্ষতার সাথে সম্পন্ন করতে হবে। | মহাব্যবস্থাপক খনন এবং প্রকল্প পরিচালক |
| ৫। | উন্নয়ন কূপ খনন লক্ষ্যমাত্রা: ১ টি (সিলেট-৯) | সিলেট-৯ উন্নয়ন কূপ বাপেক্স বরাবরে হস্তান্তর করা হলে বিজয়-১২ রিগ দিয়ে কূপ খনন করার প্রস্তুতি চলমান। এই লক্ষ্যে পরিচালক (অপারেশন) নভেম্বর মাসের ১ম সপ্তাহে নির্মাণ ও প্রকৌশল বিভাগের কর্মকর্তাদের সমন্বয়ে একটি টিম প্রকল্প এলাকায় কাজের অগ্রগতি পর্যালোচনায় প্রেরণের নির্দেশ প্রদান করেন। | নির্মাণ বিভাগ ও প্রকৌশল বিভাগের কর্মকর্তাদের সমন্বয়ে একটি কমিটি সিলেট-৯ প্রকল্প এলাকায় পরিদর্শন করবেন মর্মে সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকগন নিশ্চিত করবেন। | মহাব্যবস্থাপক (খনন) ও মহাব্যবস্থাপক (নির্মাণ) |
| ৬। | ওয়ার্কওভার লক্ষ্যমাত্রা: ৪ টি (তিতাস-১৩, তিতাস-৯ ফেঞ্চুগঞ্জ ৪, নরসিংদি-১) | মহাব্যবস্থাপক খনন জানান যে, তিতাস-১৩ ওয়ার্কওভার অপারেশন স্থগিত আছে। তিতাস-৯ কূপ এলাকায় বিজয়-১১ রিগ স্থানান্তরের কাজ শুরু হয়েছে। তিতাস-৯ ওয়ার্কওভার কার্যক্রম শেষে তিতাস-৭ ওয়ার্কওভার কার্যক্রম আরম্ভ হবে।<br>মহাব্যবস্থাপক উৎপাদন জানান যে শাহবাজপুর-৩ কূপের Annulus-এর প্রেশার বৃদ্ধি পাওয়ায় কূপটির উৎপাদন ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। জরুরী ভিত্তিতে এর ওয়ার্কওভার সম্পন্ন করা প্রয়োজন। | IDECO রিগের মাড সিস্টেম তিতাস-৬ লোকেশন থেকে শাহাবাজপুর-৩ কূপ এলাকায় স্থানান্তর করে শাহবাজপুর-৩ ওয়ার্কওভার শুরু নিশ্চিত করণ বিষয়ে ব্যবস্থা গ্রহণ। | মহাব্যবস্থাপক প্রকৌশল বিভাগ ও মহাব্যবস্থাপক খনন |
| ৭। | বিবিধ-১ | মহাব্যবস্থাপক (খনন) জানান যে, ড্রিলিং কার্যক্রম পরিচালনার জন্য খনন কর্মকর্তাবৃন্দের প্রতি দুই বছর অন্তর IWCF certification renew করার বাধ্যবাধকতা রয়েছে। তিনি আরও জানান যে, সিলেট-৯ উন্নয়ন কূপ খননের লক্ষ্যে এসজিএফএল ও বাপেক্স এর মধ্যকার সম্পাদিত চুক্তিতে খনন পরিচালনা কারীদের IWCF certificate থাকা বাঞ্চনীয়। | বাপেক্সের খনন কার্যক্রম পরিচালনার সাথে সমপৃক্ত কর্মকর্তাদের পর্যায়ক্রমে IWCF certification Renew করার ব্যবস্থা নিশ্চিত করণ। | পরিকল্পনা বিভাগ, এইচ আর এম উপবিভাগ |
| | বিবিধ-২ | মহাব্যবস্থাপক খনন জানান যে, ক্রয় প্রক্রিয়ার ধীরগতির কারনে প্রকল্পের ক্রয় কার্যক্রম দীর্ঘায়িত হচ্ছে। | ক্রয় কার্যক্রম দ্রুততারসাথে সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করণ। | মহাব্যস্থাপক (প্রশাসন) ও মহাব্যবস্থাপক (হিসাব ও অর্থ) |

| ক্রঃ নং | কার্যক্রম ও লক্ষ্যমাত্রা | আলোচনা | গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | বিবিধ-৩ | মহাব্যবস্থাপক উৎপাদন জানান যে, বেগমগঞ্জ গ্যাসফিল্ড বাপেক্সের অর্গানোগ্রামে অন্তর্ভূক্ত নয়। বাপেক্সের ৭টি গ্যাস ফিল্ড পরিচালনার জন্য ৭০ জন কর্মকর্তার আবশ্যকতা থাকলেও বর্তমানে কর্মরত কর্মকর্তার সংখ্যা ৩০জন। ফলে লোকবল সংকটের কারনে গ্যাস উৎপাদন ধরে রাখা সম্ভব নয়। তিনি কর্মকর্তা নিয়োগের বিষয়ে মহাব্যবস্থাপক (প্রশাসন) এর দৃষ্টি আকর্ষন করেন। | জনবল নিয়োগের প্রয়োজনীয়তা বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সাথে আলোচনার প্রেক্ষিতে সিদ্ধান্ত গ্রহন। | মহাব্যবস্থাপক (প্রশাসন) |

সভায় আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় গৃহীত সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(তোফায়েল আহমেদ)
পরিচালক (অপারেশন)
ও
টীম লিডার (এপিএ কমিটি)

বিতরণঃ

১। মহাব্যবস্থাপক/বিভাগীয় প্রধান/উপ-মহাব্যবস্থাপক/এপিএ কমিটির সদস্য........................................বাপেক্স, ঢাকা।

২। উপব্যবস্থাপক (সমন্বয়) টু ব্যবস্থাপনা পরিচালক, বাপেক্স, ঢাকা।

দপ্তর কপি।

২০১৯-২০ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ)'র অগ্রগতি পর্যালোচনা
সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা।

স্থান বাপেক্স বোর্ডরুম

তারিখঃ ২৯-১০-২০১৯, সময়ঃ ১১:৩০

| ক্রমিক | কর্মকর্তাদের নাম ও পদবী | স্বক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১ | | |
| ২ | সেলিনা শাহনাজ, সহকারী [illegible] ([illegible]) | Shahnaz 29/10/2019 |
| ৩ | মোঃ মিজানুর রহমান অতিরিক্ত [illegible] [illegible] | [signature] ২৯/১০/১৯ |
| ৪ | মোঃ জহিরুল ইসলাম উপপরিচালক, [illegible] R-2 | [signature] ২৯/১০/১৯ |
| ৫ | মোঃ ফজলুল হক, সহকারী পরিচালক ([illegible]) | [signature] ২৯/১০/১৯ |
| ৬ | বজলুর রহমান আহাম্মদ, ডি এস (খনন) | [signature] ২৯/১০/১৯ |
| ৭ | এম. এম. কামরুজ্জামান, মহা ব্যব: (নির্মাণ) ভারপ্রাপ্ত | [signature] ২৯/১০/১৯ |
| ৮ | [illegible] ইসলাম, [illegible] | LFA |
| ৯ | মোঃ আহসানুল আমিন, উপ-মহাব্যবস্থাপক (IC) | [signature] ২৯/১০/১৯ |
| ১০ | [illegible] মাহবুবুল আলম উপমহাব্য: [illegible] | [signature] ২৯/১০/১৯ |
| ১১ | মোঃ জাকির হোসেন, উপমহাব্যবস্থাপক (খনন) | [signature] ২৯/১০/১৯ |
| ১২ | মোঃ [illegible] হোসেন, উপমহাব্য: ([illegible]) | [signature] ২৯/১০/১৯ |
| ১৩ | মোঃ নোমান মোস্তফা উপমহাব্য: ([illegible]) | [signature] ২৯/১০/১৯ |
| ১৪ | মোঃ [illegible] উপমহাব্য: ([illegible]) | [signature] ২৯/১০/১৯ |
| ১৫ | মোহাম্মদ মনিরুজ্জামান, উপ-মহাব্যবস্থাপক (প্রঃ), পরিকল্পনা বিভাগ | [signature] ২৯/১০/১৯ |
| ১৬ | মোঃ মিজানুর রহমান চৌধুরী, মহাব্য: (প্রশাসন) | [signature] ২৯/১০/১৯ |
| ১৭ | | |
| ১৮ | | |
| ১৯ | | |
| ২০ | | |